

সভাপতি	মো: ইমাম উদ্দীন কবীর অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৬ আগস্ট, ২০২৫ খ্রি.
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটালকৃত সেবার ডাটাবেজ নিয়মিত হালনাগাদ এবং চালু রাখতে হবে। এছাড়া আওতাধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণ করার বিষয়েও তিনি আলোকপাত করেন এবং ওয়েবসাইটের সকল কন্টেন্ট বর্তমান প্রেক্ষাপট অনুযায়ী হালনাগাদ রাখার বিষয়ে সকলকে অবহিত করেন। অতঃপর সভাপতি জনাব মোঃ ইলিয়াস হোসেন, সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-কে সভার আলোচ্যসূচী নিয়ে উপস্থাপনা প্রদানের জন্য অনুরোধ জানান।

সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সভার আলোচ্যসূচী সম্পর্কিত তার আলোচনা শুরু করেন। তিনি বলেন, সেবা সহজিকরণ কার্যক্রম, ই-সেবা প্রবর্তন, উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, মন্ত্রণালয়/বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থার ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও সেবাসমূহ চলমান রাখা, তথ্য বাতায়ন হালনাগাদ রাখা এবং ডি-নথি কার্যক্রম বৃদ্ধি এবং বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন - এই বিষয়গুলো মূলত উদ্ভাবনী কার্যক্রমের মূল বিষয়। তিনি আরও বলেন, সেবা সহজিকরণ কার্যক্রম, ই-সেবা প্রবর্তন, উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, মন্ত্রণালয়/বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থার ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ নিয়মিত হালনাগাদকরণ ও সেবাসমূহ চলমান রাখা- এই ০৪টি বিষয় নিয়ে সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয় সভায় নিয়মিত আলোচনা হয় এবং এই বিষয়ে একটি কমন সিদ্ধান্ত রয়েছে যে যে সকল সেবা ইতোমধ্যে সহজিকৃত করা হয়েছে, ই-সেবা প্রবর্তন করা হয়েছে এবং ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদ রাখাসহ সেগুলো চালু রাখতে হবে এবং প্রয়োজনে নতুন নতুন ই-সেবা প্রবর্তন করতে হবে। উল্লেখিত বিষয়সমূহের কার্যক্রম চালু রাখার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। পরবর্তীতে, তিনি আওতাধীন দপ্তর/সংস্থার এবং মাঠ পর্যায়ের অফিসের তথ্য বাতায়নে কর্মকর্তাদের অফিসিয়াল ই-মেইল আইডি অনেক সময় থাকে না বিষয়টি উল্লেখ করে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ পর্যায়ে, প্রোগ্রামার, মৎস্য অধিদপ্তর মাঠ পর্যায়ের অফিসসমূহের শুধুমাত্র অসিফ প্রদানদের অফিসিয়াল ই-মেইল থাকার বিষয়টি উল্লেখ করলে সভাপতি মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের জন্য অফিসিয়াল ই-মেইল খুলে দেয়ার কথা বলেন। তথ্য বাতায়ন হালনাগাদ রাখার বিষয়টি উল্লেখ করে সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মধ্যে মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের ১০০ অফিসের তথ্য বাতায়ন হালনাগাদের তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি সমন্বয় সভার কার্যবিবরণীতে উল্লেখ আছে জানিয়ে আগামী সমন্বয় সভার আগে এবং প্রতি মাসের শুরুতে অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদের তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। এছাড়া, দপ্তর/সংস্থার ডি-নথির কার্যক্রম বৃদ্ধি ও অফিসে কাগজের ব্যবহার কমানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। পরিশেষে, বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ নিয়মিত পর্যবেক্ষণের লক্ষ্যে তা পরিদর্শন করার

বিষয়ে আলোচনা করা হয়।

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। ইতঃপূর্বে যে সকল সেবা সহজিকরণ করা হয়েছে, ই-সেবা প্রবর্তন করা হয়েছে এবং উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হয়েছে তা চালু রাখতে হবে।
- ২। ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ নিয়মিত হালনাগাদ করতে হবে।
- ৩। দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের অফিসের সকল কর্মকর্তাদের অফিসিয়াল ই-মেইল ব্যবহার করতে হবে।
- ৪। দ্বৈবচয়ন পদ্ধতিতে দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের ১০০ অফিসের তথ্য বাতায়ন হালনাগাদের তথ্য প্রতি মাসের শুরুতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ৫। দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসের ডি-নথির কার্যক্রম বৃদ্ধি করতে হবে।
- ৬। বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ নিয়মিত পর্যবেক্ষণের লক্ষ্যে তা পরিদর্শন করতে হবে।
- ৭। দপ্তর/সংস্থার ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বিগত বছরসমূহের মত চালু রাখতে হবে।

অতঃপর সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

সকল সংযুক্তিসমূহ:

- (১) পরিশিষ্ট - ক



১৫-০৯-২০২৫
মো: ইমাম উদ্দীন কবীর
অতিরিক্ত সচিব

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১৫২.২০.০০০১.২৫.১৩৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন।
- ২। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর।
- ৩। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ৪। মহাপরিচালক (সা.দা.), মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট।
- ৫। মহাপরিচালক (সা. দা.), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
- ৬। অধ্যক্ষ, অধ্যক্ষ এর দপ্তর, মেরিন ফিশারিজ একাডেমি।
- ৭। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর।
- ৮। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল।
- ৯। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।



১৬-০৯-২০২৫
মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট